# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৪০২

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪. যুহর সালাতের ওয়াক্ত

باب فِي وَقْتِ صَلاَةِ الظُّهْرِ

আরবী

حَدَّثَنَا يَزِيدُ بْنُ خَالِدِ بْنِ مَوْهَبٍ الْهَمْدَانِيُّ، وَقُتَيْبَةُ بْنُ سَعِيدٍ الثَّقَفِيُّ، أَنَّ اللَّيْثَ، حَدَّثَهُمْ عَنِ ابْنِ شِهَابٍ، عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ، وَأَبِي، سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم قَالَ " إِذَا اشْتَدَّ الْحَرُّ فَأَبْرِدُوا عَنِ الصَّلاَةِ " . قَالَ ابْنُ مَوْهَبٍ " بِالصَّلاَةِ فَإِنَّ شِدَّةَ الْحَرِّ مِنْ فَيْحِ جَهَنَّمَ " .

ـ صحيح : ق

বাংলা

৪০২। আবূ হুরাইরাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ অত্যধিক গরমে তোমরা যুহরের সালাত ঠান্ডা করে (বিলম্বে) আদায় করবে। কারণ অত্যধিক গরম জাহান্নামের নিঃশ্বাসের অংশ বিশেষ।[1]

সহীহ : বুখারী ও মুসলিম।

## English

Abu Hurairah reported the Messenger of Allah (ﷺ) as saying:
When the heat is violent, offer (the Zuhr) prayer when it becomes fairly cool, for the violent heat comes from the bubbling over the Hell.

ফুটনোট

[1] বুখারী (অধ্যায়ঃ সালাতের সময়, অনুঃ প্রচন্ড গরমে যুহরের সালাত ঠান্ডা করে আদায় করা, হাঃ ৫৩৬) তাতে

আবূ সালামাহর উল্লেখ নেই। বরং তা সাঈদ থেকে আবূ হুরাইরাহ সূত্রে বর্ণিত, মুসলিম (অধ্যায়ঃ মাসজিদ, অনুঃ যুহরের সালাত ঠান্ডা করে পড়া মুস্তাহাব) যুহরী সূত্রে ইবনুল মুসায়্যিব ও আবূ সালামাহ থেকে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57720

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন